

শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠানের
নামকরণ প্রসঙ্গে

বর্তমানে দেশে প্রাথমিক শিক্ষা হইতে আরম্ভ করিয়া উচ্চ মাধ্যমিক শিক্ষা স্তরের শিক্ষকগণের প্রশিক্ষণের জন্য পাঁচ ধরনের প্রতিষ্ঠান রহিয়াছে। এগুলি ইন্টারমিডিয়েট/ ডিগ্রী কলেজ স্তরের প্রতিষ্ঠান। কিন্তু এই সকল প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে কোন যথার্থতা খুঁজিয়া পাওয়া যায় না। যেমনঃ মাধ্যমিক স্তরের শিক্ষকগণের প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম 'বি.এড কলেজ'। কিন্তু উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষকগণের প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম 'উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট'। মাধ্যমিক স্তরের ক্ষেত্রে 'কলেজ' নামকরণ করা হইলেও উচ্চ মাধ্যমিক স্তরের ক্ষেত্রে 'ইন্সটিটিউট' নামকরণ সামঞ্জস্যপূর্ণ নয়, বরং এইরূপ নামকরণের ক্ষেত্রে প্রতিষ্ঠানটিকে ডি গ্রেড করা হইয়াছে। ইহাছাড়া উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট, মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট, কারিগরি শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট ইত্যাদির ক্ষেত্রে প্রশিক্ষণ শব্দের পূর্বে 'শিক্ষক' শব্দটি যথার্থভাবে ব্যবহার করা হইলেও প্রাথমিক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)-এর ক্ষেত্রে 'শিক্ষক' শব্দটি ব্যবহার করা হয় নাই। এই ক্ষেত্রেও নামকরণ সামঞ্জস্যপূর্ণ হয় নাই। পলিটেকনিক ইন্সটিটিউট (পিটিআই)-এর সহিত প্রাইমারী ট্রেনিং ইন্সটিটিউট (পিটিআই)-এর সংক্ষিপ্ত নামের মিল থাকায় হরহামেশাই এক প্রতিষ্ঠানের চিঠি, পরীক্ষার খাতা, মানি অর্ডার ইত্যাদি অন্য প্রতিষ্ঠানে বিলি করা হয়। কাজ-কর্মের বেশ অসুবিধা হয়। পিটিআই, সিলেট বলিতে সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট অথবা সিলেট প্রাইমারী ট্রেনিং ইন্সটিটিউটকে বুঝাইতে পারে। উল্লেখ্য, কিছুদিন পূর্বে আমাদের দুইটি প্রধান সমুদ্রবন্দর চিটাগাং পোর্ট অথরিটি (সিপিএ) এবং চালনা পোর্ট অথরিটি (সিপিএ)-এই দুইটি বন্দরের সংক্ষিপ্ত নাম এক হইয়া যাওয়ায় দেশ-বিদেশ হইতে চিঠিপত্র এবং মালপত্র গ্রহণ ও প্রেরণের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হয়। তাই সরকার চালনা পোর্ট অথরিটির নাম 'মঙলা পোর্ট অথরিটি' (এমপিএ) করেন। এমতাবস্থায়, শিক্ষক প্রশিক্ষণ কলেজ/ইন্সটিটিউটগুলির নামকরণের সামঞ্জস্য রক্ষা এবং দৈনন্দিন কাজ-কর্মের অসুবিধা দূরীকরণের লক্ষ্যে (১) প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট/ কলেজ (২)

মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট/ কলেজ (৩) উচ্চমাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট/ কলেজ (৪) মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট/ কলেজ এবং (৫) কারিগরি শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট/ কলেজ রাখা যাইতে পারে। প্রস্তাবটি বিবেচনার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

তাহমিনা আকতার,
১৭, পাঠানটুলী রোড,
চৌমুহনী, চট্টগ্রাম।

18